# গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

**ডাকঘর - গোবিন্দপুর, উপজেলা - শ্যামনগর, জেলা - সাতক্ষীরা।**

**EIIN-118996** **স্থাপিত- 1984 খ্রিঃ** **Email – gahhss@gmail.com**

## গোবিন্দপুর এ, এইচ , (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

বিদ্যালয় স্থাপন/প্রতিষ্ঠার

**বিদ্যালয় স্থাপন/প্রতিষ্ঠার**

## পটভূমি/প্রেক্ষাপটের বর্ণনা ও ইতিহাস প্রনয়ন কমিটির সূচনা বক্তব্য

**আমরা বাংলাদেশের স্বাধীনতার স্থপতি বাঙালি জাতির জনক হাজার বছরের সর্বশ্রেষ্ঠ বাঙালি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্ম শতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ঘোষিত মুজিববর্ষ উদযাপন বৎসরে (২০২০/২০২১ ইং সাল)**

**১। গাজী মোঃ সফিকুল ইসলাম**

অধ্যক্ষ,

গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়।

**২। মন্ডল সুপদ কুমার**

সহকারী প্রধান শিক্ষক (অবসর প্রাপ্ত),

গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়।

**৩। এস, এম, হামিদুল ইসলাম**

সহকারী অধ্যাপক, হিসাব বিজ্ঞান,

গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়।

"গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়"- এর স্থাপন/প্রতিষ্ঠার প্রকৃত ও সঠিক প্রেক্ষাপট/ পটভূমির বর্ণনা ও ইতিহাস প্রনয়নকারী।

# গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

**ডাকঘর - গোবিন্দপুর, উপজেলা - শ্যামনগর, জেলা - সাতক্ষীরা।**

**EIIN-118996** **স্থাপিত- 1984 খ্রিঃ** **Email – gahhss@gmail.com**

বিদ্যালয়ের গভর্ণিং বডির সিদ্ধান্ত (১। বীর মুক্তিযোদ্ধা জনাব দেবী রঞ্জন মন্ডল, সদস্য, গভর্ণিং বডি ২। প্রতিষ্ঠাকালীন সময়ের সহকারী শিক্ষক জনাব মোস্তফা মোঃ নুর হোসেন এবং ৩। প্রাক্তন শিক্ষার্থী ও জীব বিজ্ঞান বিষয়ের প্রভাষক জনাব মোঃ জহুরুল হক- এঁদের আবেদনের ভিত্তিতে রেজুলেশন/সভা নং-330 সিদ্ধান্ত নং-03 তারিখ -17/12/2020 ইং) অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত হয়ে "গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়"-টির স্থাপন/প্রতিষ্ঠার পটভূমি/প্রেক্ষাপটের বর্ণনা ও ইতিহাস রচনা/প্রনয়ন করার আন্তরিক প্রচেষ্টা নিয়ে কার্যক্রম শুরু করি। এক্ষেত্রে বিদ্যালয়ে সংরক্ষিত রেকর্ড পত্র, সংশ্লিষ্ট প্রামান্য কাগজপত্র এবং বিদ্যালয়ের স্থাপন/প্রতিষ্ঠাকালে যে সকল ব্যক্তিবর্গ প্রতিষ্ঠার সঙ্গে সংশ্লিষ্ট ছিলেন কিংবা খোঁজ খবর রাখতেন তাঁদের মধ্যে এখনও যারা জীবিত আছেন তাদের নিকট থেকে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করার চেষ্টা করি। যতদুর সম্ভব সঠিক, নির্ভূল ও প্রকৃত তথ্য সংগ্রহে কোন প্রকার ত্রুটি বা অবহেলা না করেই আমরা বিদ্যালয় স্থাপন/ প্রতিষ্ঠার প্রকৃত ও সঠিক পটভূমি/প্রেক্ষাপট ও ইতিহাস লেখা/রচনা / প্রনয়নের কাজ সম্পন্ন করি।



## স্বাধীনতা সংগ্রাম ও ভারত-পাকিস্তান

ইং- ১৭৫৭ সালে ২৩ জুন কয়েকজন কু-চক্রীর ষড়যন্ত্র ও বিশ্বাসঘাতকতায় পলাশীর আম্রকাননে বাংলার শেষ স্বাধীন নবাব সিরাজ-উদ-দৌলার বেদনাদায়ক পরাজয়ের কারনে ইংরেজ কর্তৃক প্রায় দু'শো বৎসর ভারতবর্ষ শাসিত হয়। স্ব-দেশের স্বাধীনতার লক্ষ্যে ইংরেজদের ভারতবর্ষ থেকে বিতাড়নের জন্য দেশ প্রেমিক অনেক স্বাধীনতা সংগ্রামীর আত্মত্যাগ ও সংগ্রামের ধারাবাহিকতায় ভারতবর্ষ ভেঙ্গে ভারত ও

পাকিস্তান নামক দুটি স্বাধীন রাষ্ট্রের উদ্ভব/জন্ম হয়। আমরা স্বাধীনতা সংগ্রামে নেতৃত্বদানকারী সকল মহান নেতৃবৃন্দ এবং আত্মদানকারী সকল স্বাধীনতা সংগ্রামীর প্রতি জানাই গভীর শ্রদ্ধা।





ধানের ক্ষেত

মাছ

*২

*২

# স্বাধীনতা সংগ্রাম ও বাংলাদেশ

ইং ১৯৪৭ সালের ১৪ আগষ্ট পাকিস্তান সৃষ্টির পর থেকে পাকিস্তানী শাসক ও শোষক গোষ্ঠীর নানাবিধ অত্যাচার ও নির্যাতনে পূর্ব বাংলার (পূর্ব পাকিস্তানের) সহজ সরল বাঙালী জনসাধারন বিভিন্ন ভাবে বঞ্চিত, অত্যাচারিত, নির্যাতিত হয় ও তাঁদের নায্য অধিকার হারাতে থাকে। এই বাস্তবতায় যখন ১৯৫২ সালে ২১ শে ফেব্রুয়ারী ভাষা আন্দোলন, ১৯৬২ সালের শরীফ কমিশনের শিক্ষানীতির বিরুদ্ধে শিক্ষা আন্দোলন, বাংলার মানুষের নয়নের মনি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক ১৯৬৬ সালে ঘোষিত বাংলার মানুষের ‘মুক্তি সনদ’ হিসেবে খ্যাত ছয়-দফা আন্দোলন এবং বঙ্গবন্ধুর মুক্তির দাবিতে ১৯৬৯ সালের গনঅভ্যুত্থানে পূর্ব বাংলা (পূর্ব পাকিস্তান) যখন উত্তাল ও টালমাটাল তখন বর্বর পাকিস্তানী শাসক চক্র বাধ্য হয়ে ১৯৭০ সালে সাধারন নির্বাচন ঘোষনা করেন। ১৯৭০ সালের উক্ত সাধারন নির্বাচনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর প্রিয় রাজনৈতিক দল “বাংলাদেশ আওয়ামীলীগ” বিপুল সংখ্যাগরিষ্ঠতা নিয়ে জয় লাভ করলে বঙ্গবন্ধু জাতীয় ও আন্তর্জাতিকভাবে পাকিস্তানের একমাত্র ও একচ্ছত্র বৈধ নেতা হিসেবে সমর্থন ও স্বীকৃতি লাভ করেন। কিন্তু পাকিস্তানী বর্বর শাসক গোষ্ঠী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাঁঙালী হওয়ায় তাঁর নিকট শাসন ভার অর্পন/ক্ষমতা হস্তান্তর করতে নানা প্রকার টাল-বাহানা ও অস্বীকৃতি জানালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭১ সালের ৭ ই মার্চ ঢাকার সোহরাওয়ার্দী উদ্যানের (রেসর্কোস ময়দান) বিশাল জনসভায় পূর্ব বাংলার (পূর্ব পাকিস্তানের) নিপিড়িত ও

নির্যাতিত সহজ সরল মানুষের রাজনৈতিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক অধিকার আদায়ের জন্য এবং একটি সুখী সমৃদ্ধ সোনার বাংলা গড়ার জন্য তৎকালীন পূর্ব বাংলার (পূর্ব পাকিস্তান) ভৌগলিক এলাকাকে নিয়ে একটি স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশ প্রতিষ্ঠার লক্ষ্যে স্বাধীনতা ও মুক্তি সংগ্রামের ডাক দেন।

বর্বর ও নিষ্ঠুর পাকিস্তানি শাসকচক্র 1971 ইংরেজী সালের 25 শে মার্চ মুক্তিকামী বাঙালীদের উপর নির্বিচারে গুলি চালালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান 1971 সালের 26 শে মার্চ বাংলাদেশের স্বাধীনতা ঘোষনা করেন এবং সকল জনসাধারনকে মাতৃভূমি মুক্ত করার জন্য শেষ রক্ত বিন্দু দিয়ে শেষ শত্রু বিতাড়িত/মুক্ত না হওয়া পর্যন্ত সংগ্রাম ও লড়াই করার জন্য আহবান ও নির্দেশ প্রদান করেন। শুরু হয় মহান মুক্তিযুদ্ধ। দীর্ঘ নয় মাসের মুক্তিযুদ্ধে ৩০ লক্ষ দেশপ্রেমিক বাঙালী মুক্তিযোদ্ধা শাহাদাত বরন করেন এবং দুই লক্ষ মা-বোন তাঁদের সম্ভ্রম হারান। অবশেষে ১৯৭১ সালের ১৬ ই ডিসেম্বর পাকিস্তানী বর্বর বাহিনীর আত্মসমার্পনের মধ্যদিয়ে বাংলার অবিসংবাদিত নেতা, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী, স্বাধীনতার মহান স্থপতি এবং বাঙালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান -এর দীর্ঘ ২৩ বৎসরের আন্দোলন-সংগ্রামের ফসল ‘বাংলাদেশ’ নামের দেশ-টি বিশ্বের মানচিত্রে একটি স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র/দেশ হিসেবে প্রতিষ্ঠিত হয়। যার সরকারী/ দাপ্তারিক নাম “গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ”।

শ্যামনগর থানাধীন কাশিমাড়ী ইউনিয়নের গোবিন্দপুর গ্রামের খেলার মাঠে বসে পরামর্শক্রমে তৎকালীন এলাকার দেশপ্রেমিক ব্যক্তিবর্গ ও যুব সমাজ (জনাব জি, এম, আব্দুল হক, জনাব গাজী আব্দুল হামিদ, জনাব জি, এম, ওসমান গনি, জনাব দেবী রঞ্জন মন্ডল, জনাব গাজী আবুল বাসার, জনাব আকবর আলি পিয়াদা, জনাব মাওলা বক্স ঢালী, জনাব গাজী আব্দুল হাকিম এবং জনাব মোঃ দাউদ আলি সহ প্রমুখ) বঙ্গবন্ধুর আহ্বানে সাড়া দিয়ে মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহন করেছিলেন।

# গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

**ডাকঘর - গোবিন্দপুর, উপজেলা - শ্যামনগর, জেলা - সাতক্ষীরা।**

EIIN-118996 স্থাপিত- 1984 খ্রিঃ Email – gahhss@gmail.com

তৎকালীন খুলনা জেলাস্থ সাতক্ষীরা মহকুমার শ্যামনগর থানাধীন ০২ নং কাশীমাড়ী ইউনিয়নের গোবিন্দপুর গ্রামের মধ্যবর্তী স্থানে অত্যন্ত মনোরম, প্রাকৃতিক ও নান্দনিক পরিবেশে অবস্থিত আমাদের প্রাণপ্রিয় শিক্ষা প্রতিষ্ঠান "গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়"-টির প্রতিষ্ঠার প্রকৃত ও সঠিক পটভূমি /প্রেক্ষাপটের বর্ননা ও ইতিহাস প্রনয়ন /রচনার প্রাককালে আমরা বাংলার মানুষের অবিসংবাদিত নেতা, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী, স্বাধীনতার মহান স্থপতি ও জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গবন্ধুর ঘনিষ্ঠ রাজনৈতিক সহচর জাতীয় নেতৃবৃন্দ, ৩০ লক্ষ শাহাদাত বরন কারী দেশপ্রেমিক মুক্তিযোদ্ধা, সম্ভ্রম হারান দুই লক্ষ মা-বোন এবং মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহনকারী সকল দেশপ্রেমিক বীর মুক্তিযোদ্ধাদের প্রতি এবং মহান মুক্তিযুদ্ধে প্রত্যক্ষ ও পরোক্ষ ভাবে সহযোগীতা দানকারী সকল রাজনৈতিক নেতৃবৃন্দ এবং ব্যক্তিবর্গের প্রতি জানাই গভীর শ্রদ্ধা।

**জয় বাংলা, জয় বঙ্গবন্ধ**



বঙ্গবন্ধুর (৭ ই মার্চ, ১৯৭১ ইং বক্তৃতারত) ছবি

# গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

**ডাকঘর - গোবিন্দপুর, উপজেলা - শ্যামনগর, জেলা - সাতক্ষীরা।**

**EIIN-118996** **স্থাপিত- 1984 খ্রিঃ** **Email – gahhss@gmail.com**

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

*8

**“গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়”- এর স্থাপন/প্রতিষ্ঠার**

**পটভূমি/প্রেক্ষাপটের বর্ণনা ও ইতিহাস**

# গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

**ডাকঘর - গোবিন্দপুর, উপজেলা - শ্যামনগর, জেলা - সাতক্ষীরা।**

**EIIN-118996** **স্থাপিত- 1984 খ্রিঃ** **Email – gahhss@gmail.com**





ভবনের ছবি তিন তলা ভবনের ছবি দুই তলা





ভবনের ছবি টিনশেড-১

ভবনের ছবি টিনশেড-২

# গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

**ডাকঘর - গোবিন্দপুর, উপজেলা - শ্যামনগর, জেলা - সাতক্ষীরা।**

**EIIN-118996** **স্থাপিত- 1984 খ্রিঃ** **Email – gahhss@gmail.com**

প্রতিষ্ঠাতা ও দাতা (মরহুম আবু হানিফ গাজীর তিনপুত্র) ভ্রাতৃত্রয়





১। মোঃ আব্দুল খালেক গাজী

২। মোঃ আব্দুল মালেক গাজী

৩। মোঃ আবুল হোসেন গাজী

*৫

## স্কুল শাখা/মাধ্যমিক স্তর/মাধ্যমিক বিদ্যালয়

১৯৭১ সালের মহান মুক্তযুদ্ধের পর স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশের খুলনা জেলার অন্তর্গত সাতক্ষীরা মহকুমার অধীনস্থ শ্যামনগর থানাধীন 02 নং কাশিমাড়ী ইউনিয়নের মধ্যবর্তী গোবিন্দপুর গ্রাম-টিতে কোন প্রাইমারী স্কুল/ প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত ছিলনা। যে কারনে এই গ্রামের অধিকাংশ মানুষ প্রাথমিক বিদ্যালয়/ প্রাইমারী স্কুলের শিক্ষা গ্রহন করার সুযোগ্ পেত না। খুবই অল্প সংখ্যক ছেলে মেয়ে পার্শ্ববর্তী গ্রামে অবস্থিত প্রাথমিক বিদ্যালয়/প্রাইমারী স্কুল সমূহে পড়াশুনা করতে যেত। ইচ্ছা থাকলেও অনেক ছেলে মেয়ে প্রাথমিক বিদ্যালয়/প্রাইমারী স্কুলের দুরত্ব বেশি হওয়ায়

পড়াশুনা বাদ দিয়ে সংসারের কাজে লেগে যেতো। এ রকম বাস্তবতায় ১৯৭৩ সালে গোবিন্দপুর গ্রামের অত্যন্ত জনপ্রিয় ও সুখ্যাত ব্যক্তি মরহুম আবু হানিফ গাজী তাঁর ক্রয়কৃত ভিটা জমিতে জমি দান করে গোবিন্দপুর গ্রামে প্রথম "গোবিন্দপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়" নামে একটি প্রাথমিক বিদ্যালয়/প্রাইমারী স্কুল প্রতিষ্ঠা করেন। কিন্তু কাশিমাড়ী ইউনিয়নের মধ্যবর্তী স্থানে গোবিন্দপুর গ্রাম-টির অবস্থান হলেও পাশাপাশি অবস্থানে থাকা জয়নগর, গোবিন্দপুর, শংকরকাটি, কাঁচিহারানিয়া, খুঁটিকাটা, কাঁঠালবাড়িয়া এবং দেওল গ্রামে কোন হাইস্কুল/মাধ্যমিক বিদ্যালয় না থাকায় এই সব গ্রামের ছেলেমেয়েদের কে অনেক দূরে দূরে অবস্থিত মাধ্যমিক বিদ্যালয় /হাইস্কুল গুলোতে মাধ্যমিক পর্যায়ের শিক্ষা অর্জনের নিমিত্তে যেতে হতো। সেটি ছিল খুবই কষ্টকর, বিশেষ করে বর্ষা মৌসুমে তা ছিল ভীষন কষ্টকর এবং বিশেষ বিশেষ সময় ছিল তা প্রায় অসম্ভব।

এরকম বাস্তবতায় এই সব গ্রামের গন্যমান্য ও শিক্ষানুরাগী ব্যক্তিবর্গ অনেক দিন ধরে চিন্তা ভাবনা করছিলেন এই এলাকায় একটি মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করার। বিভিন্ন সময়ে বিভিন্ন আলোচনার পরে আসে সেই শুভ মুহূর্ত-টি ।

সালটি ছিল ১৯৮৪ ইং। এই অঞ্চলে ১৯৮৪ ইং সালের প্রথম থেকে মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠার আলোচনা খুবই গুরুত্ব সহকারে ও জোরালোভাবে শুরু হয় এবং এই এলাকায় একটি মাধ্যমিক বিদ্যালয় প্রতিষ্ঠার জন্য এলাকার গন্যমান্য ও শিক্ষানুরাগী ব্যক্তিবর্গ এ বিষয়ে ইতিবাচক চিন্তাভাবনা করতে থাকে। অবশেষে ইংরেজী ১৯৮৪ সালে শেষার্ধে অত্র এলাকার জয়নগর গ্রামের জনাব মো: আয়ুব আলী ঢালী, জনাব মাস্টার আব্দুল জব্বার, জনাব জি, এম, ওসমান গনি, জনাব নজরুল ইসলাম গাজী, জনাব মাস্টার আব্দুল খালেক পাড়, জনাব গাজী আব্দুল হামিদ (চেয়ারম্যান, কাশিমাড়ী ইউ, পি,) ও জনাব মোঃ জিয়াদ আলী ঢালী সহ প্রমুখ, গোবিন্দপুর গ্রামের অধ্যক্ষ জনাব জি, এম, আব্দুল হক, জনাব দেবী রঞ্জন মন্ডল, জনাব আব্দুর রহিম মোল্যা, জনাব মাওলানা মোস্তফা মোঃ নুর হোসেন ঢালী, জনাব মন্ডল সুপদ কুমার, জনাব হাকিম গাজী (হাকি গাজী), জনাব ধোনাই সরদার, জনাব গাজী আবুল বাসার, জনাব মোঃ

শহর আলী সরদার, জনাব গাজী আব্দুল হাকিম, জনাব মোঃ আব্দুল খালেক গাজী, জনাব মোঃ আব্দুল মালেক গাজী, জনাব মোঃ আবুল হোসেন গাজী, জনাব মোঃ জয়নাল আবেদীন গাজী,

*৬

জনাব গাজী ইব্রাহিম হোসেন, জনাব গাজী মুজিবুর রহমান, জনাব মোঃ নজরুল ইসলাম ঢালী, জনাব এ কে এম মোত্তালিব হোসেন, জনাব মুকুন্দ কুমার মন্ডল, জনাব মোঃ জবেদ আলী গাজী ও জনাব আলী গাজী প্রমুখ, শংকরকাটি গ্রামের জনাব মোঃ আবুল হাশেম মাস্টার, আব্দুল জব্বার পিয়াদা ও জনাব মোঃ আব্দুল বারী প্রমুখ, কাঁচিহারানিয়া গ্রামের জনাব জীতেন্দ্রনাথ মন্ডল ও জনাব প্রফুল্ল কুমার বৈদ্য, খুটিকাটা গ্রামের জনাব মোঃ নবাব আলী গাজী ও জনাব মফিজউদ্দীন গাজী, কাঠালবাড়িয়া গ্রামের জনাব শচীন্দ্রনাথ মন্ডল ও জনাব শমরেস মন্ডল প্রমুখ এবং দেওল গ্রামের জনাব আবুল কাশেম গাজী সহ অত্র এলাকার বহু গন্যমান্য ব্যক্তিবর্গ এই অঞ্চলে একটি নতুন মাধ্যমিক বিদ্যালয় প্রতিষ্ঠার লক্ষ্যে গোবিন্দপুর খেলার মাঠের বটতলায় বিকালে একত্রিত হয়ে পরষ্পর মতবিনিময় করেন এবং গোবিন্দপুর গ্রামের মধ্যবর্তী স্থানে একটি মাধ্যমিক বিদ্যালয় প্রতিষ্ঠার জন্য একটি অ-আনুষ্ঠানিক আলোচনার জন্য ঐক্যমত পোষন করেন। এই মতবিনিময় সভায় সবচেয়ে অগ্রনী ভূমিকা পালন করেন জনাব গাজী আবুল বাসার, জনাব মোঃ আয়ুব আলী ঢালী এবং জনাব গাজী আব্দুল হাকিম। উক্ত অ-আনুষ্ঠানিক আলোচনায় ০৬/১১/১৯৮৪ তারিখে সন্ধ্যা ৬.৩০ মিনিটে মাধ্যমিক

বিদ্যালয় প্রতিষ্ঠার কাজ-টি বাস্তবায়ন, এগিয়ে নিয়ে যাওয়ার ও সম্পন্ন করার জন্য একটি সাধারন সভার আহবান করে অ-আনুষ্ঠানিক মতবিনিময়- আলোচনার কার্যক্রম শেষ হয়।

জনাব মোঃ আয়ুব আলী ঢালী, জনাব গাজী আবুল বাশার এবং জনাব গাজী আব্দুল হাকিম এর প্রচেষ্টায় ও প্রচারনায় পূর্ব পরিকল্পনা মোতাবেক ইং- ০৬/১১/১৯৮৪ তারিখে সন্ধ্যা ৬.৩০ মিনিটে মরহুম আবু হানিফ গাজীর জ্যেষ্ঠ পুত্র জনাব মোঃ আব্দুল খালেক গাজীর সভাপতিত্বে গোবিন্দপুর খেলার মাঠের বটতলায় অনেক গন্যমান্য ও শিক্ষানুরাগী ব্যক্তিবর্গের উপস্থিতিতে এই এলাকায় একটি মাধ্যমিক বিদ্যালয় প্রতিষ্ঠার জন্য বৈঠক শুরু হয়। উক্ত বৈঠকে জনাব মোঃ আয়ুব আলী ঢালী গোবিন্দপুর গ্রামের মধ্যবর্তী স্থানে একটি মাধ্যমিক বিদ্যালয় প্রতিষ্ঠার প্রস্তাব করেন এবং সাথে সাথে তিনি ১। জনাব মোঃ আব্দুল খালেক গাজী, ২। জনাব মোঃ আব্দুল মালেক গাজী এবং ৩। জনাব মোঃ আবুল হোসেন গাজী, তিন সহোদর ভ্রাতৃত্রয়- কে তাদের শ্রদ্ধাভাজন পিতা মরহুম “আবু হানিফ গাজী”- এঁর স্মৃতি রক্ষার্থে তাঁরই নামে “গোবিন্দপুর আবু হানিফ (এ, এইচ) মাধ্যমিক বিদ্যালয়” প্রতিষ্ঠায় প্রয়োজনীয় অর্থ-সম্পদ-দান করার প্রস্তাব করেন। প্রস্তাব-টি বিপুল করতালির মাধ্যমে সর্বসম্মতি ক্রমে সমর্থিত ও গৃহিত হয়। প্রস্তাবটি সর্বসম্মতি ক্রমে সমর্থিত ও গৃহিত হওয়ার পর গোবিন্দপুর গ্রামে সর্বজন শ্রদ্ধেয় ব্যক্তি মরহুম আবু হানিফ গাজীর তিন পুত্র আনন্দ-চিত্তে উক্ত প্রস্তাবে খুশী হইয়া গোবিন্দপুর গ্রামে “গোবিন্দপুর আবু হানিফ (এ, এইচ) মাধ্যমিক বিদ্যালয়”- এর স্থাপন ও প্রতিষ্ঠায় প্রয়োজনীয় সকল অর্থ-সম্পদ দান করার পূর্ণ সম্মতি এবং প্রতিশ্রুতি প্রদান করেন এবং সকল ব্যয়ভার বহন, সঠিক পরিচালনা ও তদারক করার পূর্ণ দায়িত্বভার গ্রহন করেন।

তখন সভায় উপস্থিত সকলেই অত্যন্ত আনন্দ প্রকাশ করেন এবং মরহুম আবু হানিফ গাজীর জ্যেষ্ঠ পৌত্র জনাব গাজী আব্দুল হাকিম পার্শ্ববর্তী দোকান থেকে মিষ্টি এনে সকলের মাঝে মিষ্টি বিতরন করেন। পরিশেষে ইংরেজী ২৩/১১/১৯৮৪ তারিখে প্রস্তাবিত "গোবিন্দপুর আবু হানিফ (এ, এইচ) মাধ্যমিক বিদ্যালয়"- এর ভিত্তি প্রস্তর স্থাপনের তারিখ নির্ধারন করা হয় এবং উক্ত প্রস্তাবিত "গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) মাধ্যমিক বিদ্যালয়"- স্থাপন, প্রতিষ্ঠা ও পরিচালনার জন্য অস্থায়ীভাবে ১৩ (তের) সদস্য বিশিষ্ট একটি প্রতিষ্ঠা কমিটি গঠন করা হয় এবং উক্ত ২৩/১১/১৯৮৪ ইং তারিখে বিদ্যালয় প্রতিষ্ঠা কমিটির প্রথম সভা আহবান করে প্রস্তাবিত "গোবিন্দপুর আবু হানিফ (এ, এইচ) মাধ্যমিক বিদ্যালয়"-টির ভিত্তি প্রস্তর স্থাপনের উক্ত দিন-টিকে (২৩/১১/১৯৮৪ ইং) বিদ্যালয়- টির প্রতিষ্ঠার তারিখ নির্ধারন করা হয়। উল্লেখ্য যে, উক্ত বিদ্যালয় প্রতিষ্ঠা কমিটির সভাপতি হিসাবে ০২ নং কাশিমাড়ী ইউনিয়নের চেয়ারম্যান জনাব গাজী আব্দুল হামিদ (বীর মুক্তিযোদ্ধা)- কে রাখা হয় এবং মরহুম আবু হানিফ গাজীর জ্যেষ্ঠ পৌত্র জনাব গাজী আব্দুল হাকিম (বীর মুক্তিযোদ্ধা) - কে সদস্য সচিব হিসেবে রাখা হয়। এভাবে সভাটির কার্যক্রমের সমাপ্তি হয়।

এর কয়েক দিন পর বিদ্যালয় প্রতিষ্ঠা কমিটির সম্মানিত সদস্য জনাব মোঃ আয়ুব আলী ঢালী ও জনাব গাজী আবুল বাশার (বীর মুক্তিযোদ্ধা) এক সন্ধ্যায় মরহুম আবু হানিফ গাজীর বাড়ীতে আসে এবং আবু হানিফের তিন পুত্র 1। জনাব মোঃ আব্দুল খালেক গাজী, 2। জনাব মোঃ আব্দুল মালেক গাজী, 3। জনাব মোঃ আবুল হোসেন গাজী এবং মরহুম আবু হানিফ গাজীর জ্যেষ্ঠ পৌত্র জনাব গাজী আব্দুল হাকিম- এঁর সাথে গোবিন্দপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে হারিকেন জালিয়ে একটি গুরুত্বপূর্ণ মতবিনিময় করেন।

মতবিনিময় কালে মরহুম আবু হানিফ গাজীর তিন পুত্র, তাঁদের বড় পুত্র (অর্থাৎ মরহুম আবু হানিফ গাজীর জ্যেষ্ঠ' পৌত্র) জনাব গাজী আব্দুল হাকিম-কে "গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) মাধ্যমিক বিদ্যালয়"- টির স্থাপন,

প্রতিষ্ঠা ও সার্বিক পরিচালনার জন্য যে পরিমান অর্থের প্রয়োজন হয় তা তাঁদের নিজস্ব মালিকানাধীন শ্যামনগর উপজেলাস্থ বুড়িগোয়ালিনী ইউনিয়নে অবস্থিত চিংড়ী ঘের “গাজী ফিস” থেকে প্রদান করার দায়িত্ব দেন এবং অতিদ্রুত প্রয়োজনীয় জমি রেজিষ্ট্রি সম্পাদন করার সম্মতি প্রদান করেন এবং বিদ্যালয় স্থাপন ও প্রতিষ্ঠার সকল ব্যয়-ভার বহনে তারা কোন প্রকার অবহেলা করবেন না বলে তাঁদের প্রতিশ্রুতি পূনর্ব্যক্ত করেন। মতবিনিময় শেষে উক্ত তিন সহদর ভ্রাতৃত্রয় জনাব মোঃ আয়ুব আলী ঢালী ও জনাব গাজী আবুল বাশার- দ্বয়কে বিদ্যালয়ের ভিত্তি প্রস্তর স্থাপন করার পূর্বে খুলনা শহর থেকে বিদ্যালয়ের জন্য আংশিক খাতা ও কাগজপত্র এবং কিছু শিক্ষা সামগ্রী কিনে আনার জন্য অনুরোধ করেন। সে মোতাবেক দুই দিন পর মরহুম আবু হানিফ পরিবার কর্তৃক জনাব মোঃ আয়ুব আলী ঢালী- কে নগদ অর্থ দিয়ে খুলনায় পাঠান হয় এবং বিদ্যালয়ের জন্য জাতীয় পতাকা, খাতা ও আংশিক কাগজপত্র ও কিছু শিক্ষা সামগ্রী ক্রয় করে আনা হয়। এভাবে প্রস্তাবিত “গোবিন্দপুর আবু হানিফ (এ, এইচ) মাধ্যমিক বিদ্যালয়”- টি স্থাপন ও প্রতিষ্ঠার কার্যক্রম খুবই দ্রুত গতিতে চলতে থাকে এবং এ বিষয়ে ব্যাপক প্রচার ও প্রচারনা চালনা হয়।

*৮

কোন প্রকার বাধা বিপত্তি ছাড়াই আসে সেই শুভক্ষন ইং- ২৩/১১/১৯৮৪ তারিখ। জনাব মোঃ আয়ুব আলী ঢালী, জনাব গাজী আবুল বাশার এবং জনাব গাজী আব্দুল হাকিম-এঁর সার্বিক তত্ত্বাবধানে প্রস্তাবিত “গোবিন্দপুর আবু হানিফ (এ, এইচ) মাধ্যমিক বিদ্যালয়” –স্থাপন/প্রতিষ্ঠার লক্ষ্যে ভিত্তি প্রস্তর স্থাপনের অনুষ্ঠানটি পরিচালিত হয় এবং মহান প্রভু আল্লাহ তায়ালার নাম স্মরন করে মরহুম আবু হানিফ গাজীর চাচাত ভাই কাশিমাড়ী ইউনিয়নের প্রাক্তন চেয়ারম্যান সর্বজন শ্রদ্ধেয় জনাব মোঃ জয়নাল আবেদীন গাজী, মরহুম আবু হানিফ গাজীর তিন পুত্র 1। জনাব মোঃ আব্দুল খালেক গাজী 2। জনাব মোঃ আব্দুল মালেক গাজী এবং 3। জনাব মোঃ আবুল হোসেন গাজী, মরহুম আবু হানিফ

# গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

**ডাকঘর - গোবিন্দপুর, উপজেলা - শ্যামনগর, জেলা - সাতক্ষীরা।**

**EIIN-118996 স্থাপিত- 1984 খ্রিঃ Email – gahhss@gmail.com**

গাজীর জ্যেষ্ঠ পৌত্র জনাব গাজী আব্দুল হাকিম, জয়নগর নিবাসী শ্রদ্ধেয় ব্যক্তি জনাব মোঃ আহম্মদ আলী ঢালী, জনাব অধ্যক্ষ জি, এম, আব্দুল হক এবং জনাব গাজী আব্দুল হামিদ (চেয়ারম্যান 2নং কাশিমাড়ী ইউ,পি,) গোবিন্দপুর গ্রামের খেলার মাঠের পশ্চিম পার্শ্বে মরহুম আবু হানিফ গাজীর ক্রয়কৃত (তাঁর ছোট পুত্র মোঃ আবুল হোসেন গাজীর নামে ক্রয়কৃত, গোবিন্দপুর মৌজার এস, এ খতিয়ান নং-115 ও দাগ নং-361, জমির পরিমান-0.61 একর) জমির উপর প্রস্তাবিত “গোবিন্দপুর আবু হানিফ (এ, এইচ) মাধ্যমিক বিদ্যালয়”-এর ভিত্তি প্রস্তর স্থাপন করেন এবং ভিত্তি প্রস্তর স্থাপন শেষে “গোবিন্দপুর আবু হানিফ (এ, এইচ) মাধ্যমিক বিদ্যালয়”-এর স্বীকৃতি প্রাপ্তি ও স্থায়ীত্ব কামনা করে মোনাজাত করা হয়। মোনাজাত শেষে বিকাল ৩.০০ বিদ্যালয়ের প্রতিষ্ঠা কমিটির প্রথম সভা অনুষ্ঠিত হয়। সভায় বিদ্যালয়ের ক) ভিত্তি প্রস্তর স্থাপন, খ) বিদ্যালয় চেয়ার বেঞ্চ তৈরী, গ) বিদ্যালয়ের রেকর্ড পত্রের জন্য প্রয়োজনীয় কাগজপত্র, ঘ) বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা ও দাতা সদস্য এবং ঙ) বিদ্যালয়ের খরচ- খরচাদি সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা হয়।

উক্ত সভায় ভিত্তি প্রস্তর স্থাপন মোতাবেক বিদ্যালয়ের নামকরণ করা হয় **“গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) মাধ্যমিক বিদ্যালয়”** এবং মরহুম আবু হানিফ গাজী পরিবারের সদস্যবৃন্দ প্রস্তাবিত “গোবিন্দপুর আবু হানিফ (এ,এইচ) মাধ্যমিক বিদ্যালয়” স্থাপন/প্রতিষ্ঠা ও সার্বিক পরিচালনা এবং সঠিক তত্ত্বাবধানে যাবতীয় অর্থ সম্পদ দান করার প্রতিশ্রুতি আবারও পূর্ণব্যক্ত করেন এবং সভায় মরহুম আবু হানিফ গাজীর জ্যেষ্ঠ পৌত্র জনাব গাজী আব্দুল হাকিম -কে বিদ্যালয়ের গৃহ নির্মান, স্বীকৃতি প্রাপ্তি-সহ সার্বিক কার্যক্রম যথাসম্ভব দ্রুত গতিতে সম্পন্ন করার এবং ইংরেজী-১৯৮৫ শিক্ষাবর্ষ থেকে ছাত্র-ছাত্রী ভর্তি করে পাঠদান কার্যক্রম শুরুকরার লক্ষ্যে প্রয়োজনীয় সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ জানিয়ে এবং গোবিন্দপুর গ্রামের কৃতি সন্তান জনাব অধ্যক্ষ জি, এম, আবদুল হক ও এলাকাবাসী সকলের নিকট সহযোগিতা কামনা করে উপস্থিত সকলের মাঝে মিষ্টি বিতরনের মধ্যে দিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করা হয়। এভাবেই ২৩/১১/১৯৮৪ ইং তারিখ থেকেই “গোবিন্দপুর আবু হানিফ (এ, এইচ) মাধ্যমিক বিদ্যালয়”- টির যাত্রা শুরু হয়। অতি দ্রুত গতিতে বিদ্যালয়ের গৃহ নির্মান ও আসবাবপত্র সহ অন্যান্য প্রয়োজনীয় জিনিসপত্র তৈরীর কাজ চলতে থাকে। ব্যাপক প্রচার প্রচারনার জন্য ইং ১৯৮৪ সালের ২৪, ২৫, ২৬, ২৭ ও ২৮ নভেম্বর বিদ্যালয়ের ভিত্তি প্রস্তর

স্থাপন সংলগ্ন খেলার মাঠে বিকালে লাঠি খেলা, ফুটবল খেলা ও ভলিবল খেলার প্রতিযোগিতার আয়োজন করা হয়। সন্ধ্যা থেকে রাত ১২ টা পর্যন্ত জারিগান ও নানা রকম সাংস্কৃতিক কর্মকান্ডের আয়োজন করা হয়।



প্রচুর লোক সমাগম হয় এইসব আনন্দপূর্ণ খেলাধুলা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে। বাংলাদেশ বেতার, খুলনার জনপ্রিয় পল্লীগীতি শিল্পী জি, এম, কোমর উদ্দিনও পর পর দুই দিন জনপ্রিয় পল্লীগিতি পরিবেশন করেন। বিশাল উৎসাহ, উদ্দীপনা আনন্দ পরিবেশে বিদ্যালয় স্থাপনের সু-খবরটি এলাকায় ব্যাপক ভাবে প্রচারিত হয় এবং সকল মহলে ইতিবাচক সাড়া পড়ে যায়।

গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) মাধ্যমিক বিদ্যালয়-টির যাত্রা শুরুর অল্প দিনের মধ্যে জমি রেজিষ্ট্রেশন ইং ১৩/১২/১৯৮৪ তারিখে সম্পাদন হয় এবং ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেনি পর্যন্ত শিক্ষার্থী ভর্তির কার্যক্রম শুরু হয় এবং ১৯৮৫ সালে প্রথম অর্থাৎ ০১/০১/১৯৮৫ ইং থেকে খন্ড-কালিন শিক্ষক নিয়োগ দিয়ে পাঠদান শুরু হয়। কিন্তু বিদ্যালয়ের গৃহের নির্মান কাজ দ্রুতগতিতে চলতে থাকলেও পরিপূর্ণ ভাবে সম্পন্ন না হওয়ায় খেলার মাঠের পূর্ব পার্শ্বে অবস্থিত গোবিন্দপুর ভূমি অফিস/তহশীল অফিস সংলগ্ন পরিত্যক্ত বীজাগার ভবনে এবং খেলার মাঠের দক্ষিন পার্শ্বে নির্মানাধীন পরিবার পরিকল্পনা ক্লিনিকে ৬ষ্ঠ, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেনির ক্লাস শুরু করা হয়। আনুষ্ঠানিক দুই মাস সেখানে ক্লাস করার পর বিদ্যালয়ের গৃহের নির্মান কাজ সম্পন্ন হলে বিদ্যালয়ের নিজস্ব গৃহে ১৯৮৫ সালে মার্চ মাসের প্রথমার্ধে শ্রেনী কার্যক্রম শুরু হয়। প্রথম বৎসরে ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস-টি অতি জাকজমক সহকারে ব্যাপক উৎসাহ উদ্দীপনা সহকারে

পালন করা হয়। ১৯৮৫ সালের ফেব্রুয়ারী মাসে প্রথমার্ধেই প্রধান শিক্ষক জনাব মোঃ আবুল হাশেম এবং সহকারী প্রধান শিক্ষক জনাব মন্ডল সুপদ কুমার সহ সকল বিষয় ও পদের শিক্ষক কর্মচারী নিয়োগ দেয়া হয় এবং কর্মরত প্রধান শিক্ষক জনাব মোঃ আবুল হাশেম ও প্রতিষ্ঠাতা পরিবারের প্রতিনিধি জনাব গাজী আব্দুল হাকিম এর অক্লান্ত পরিশ্রম ও প্রচেষ্টায় এবং সকলের সহযোগিতায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংশ্লিষ্ট দপ্তর সমূহে প্রস্তাবিত "গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) মাধ্যমিক বিদ্যালয়"- এর অনুমতি ও স্বীকৃতি প্রাপ্তির জন্য আবেদন করা হয় এবং খুবই দ্রুততার সাথে বিভিন্ন পর্যায়ের সরকারি কর্মকর্তাদের পরিদর্শন শেষে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড যশোর, থেকে ০১/০১/১৯৮৫ ইং তারিখ থেকে ৯ম শ্রেনি খোলার অনুমতি এবং ০১/০১/১৯৮৬ ইং তারিখ থেকে "গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) মাধ্যমিক বিদ্যালয়"- টি প্রথম অনুমোদন/ এ্যাকাডেমিক স্বীকৃতি প্রাপ্ত হয়।

এর পর সকলের শ্রদ্ধেয় অধ্যক্ষ জনাব জি, এম, আব্দুল হক, জনাব গাজী আব্দুল হামিদ (চেয়ারম্যান, কাশিমাড়ী ইউ, পি,) কর্মরত প্রধান শিক্ষক জনাব মোঃ আবুল হাশেম এবং প্রতিষ্ঠাতা পরিবারের প্রতিনিধি জনাব গাজী আব্দুল হাকিম-এঁর সার্বিক প্রচেষ্টায় এবং সকলের সহযোগিতায় ০১/০৬/১৯৮৬ ইং তারিখ থেকে “গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) মাধ্যমিক বিদ্যালয়”-টি এম, পি, ও, ভুক্ত হয়।

বিদ্যালয়-টির স্থাপন/প্রতিষ্ঠার শুরু থেকে এম, পি, ও, ভুক্তি পর্যন্ত যাবতীয় খরচ ও ব্যয় নির্বাহ করার ক্ষেত্রে মরহুম আবু হানিফ গাজীর তিনপুত্র 1। জনাব মোঃ আব্দুল খালেক গাজী, 2। জনাব মোঃ আব্দুল মালেক গাজী এবং 3। জনাব মোঃ আবুল হোসেন গাজী কোন প্রকার অবহেলা ও ত্রুটি করেননি এবং অত্যন্ত আগ্রহের সাথে তাঁরা প্রয়োজনীয় জমি ও অন্যান্য সম্পদ এবং নগদ অর্থ দান স্বরুপ প্রদান করেছেন। তার জন্য এলাকার সকল মানুষ তাদের প্রতি অত্যন্ত কৃতজ্ঞতা প্রদর্শন করে থাকেন এবং স্মরন করে থাকেন।

# গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

**ডাকঘর - গোবিন্দপুর, উপজেলা - শ্যামনগর, জেলা - সাতক্ষীরা।**

**EIIN-118996** **স্থাপিত- 1984 খ্রিঃ** **Email – gahhss@gmail.com**





বইসহ বিদ্যালয়ে আগমনরত শিক্ষার্থীদের ছবি

# গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

**ডাকঘর - গোবিন্দপুর, উপজেলা - শ্যামনগর, জেলা - সাতক্ষীরা।**

**EIIN-118996** **স্থাপিত- 1984 খ্রিঃ** **Email – gahhss@gmail.com**

*১১

## গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) মাধ্যমিক বিদ্যালয়

**সামগ্রীক তথ্যাবলী :**

**স্কুল শাখা/ মাধ্যমিক স্তর /মাধ্যমিক বিদ্যালয় :**

**⁎নাম : গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) মাধ্যমিক বিদ্যালয়**

⁎ স্থাপিত- 23/11/1984 ইং।

⁎ প্রথম ক্লাস শুরু- 01/01/1985 ইং থেকে

⁎ স্বীকৃতি :

ক) ৯ম শ্রেনির অনুমতির তারিখ :- ০১/০১/১৯৮৫ইং থেকে

খ) প্রথম অনুমোদনের/ এ্যাকাডেমিক স্বীকৃতি তারিখ :- ০১/০১/১৯৮৬ ইং থেকে

⁎ এম, পি, ও, ভুক্তির তারিখ :- ০১/০৬/১৯৮৬ ইং থেকে

⁎ এম, পি, ও, কোড-৬১০৬১২১৩০২ (স্কুল)

⁎ প্রথম ভর্তিকৃত শিক্ষার্থী সংখ্যা :

৬ষ্ঠ শ্রেনি- 70 জন

৭ম শ্রেনি- 52 জন

৮ম শ্রেনি- 47 জন ১৯৮৫ শিক্ষাবর্ষ

9ম শ্রেনি- 50 জন

~~১০ম শ্রেনি- 07 জন~~

সর্বমোট= 226 জন।

⁎ প্রথম নিয়োগকৃত শিক্ষক সংখ্যা=11 জন।

⁎ প্রথম নিয়োগকৃত তৃতীয় শ্রেনির কর্মচারী সংখ্যা=01 জন।

⁎ প্রথম নিয়োগকৃত চতুর্থ কর্মচারী সংখ্যা=04 জন।

⁎জমির পরিমান = 01.49 একর -রেজিষ্ট্রেশনকৃত

**⁎ বর্তমান (শিক্ষাবর্ষ 2020) শিক্ষার্থী সংখ্যা :**

# গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

**ডাকঘর - গোবিন্দপুর, উপজেলা - শ্যামনগর, জেলা - সাতক্ষীরা।**

**EIIN-118996** **স্থাপিত- 1984 খ্রিঃ** **Email – gahhss@gmail.com**

৬ষ্ঠ শ্রেনি- 95 জন (শাখা : ক+খ)

৭ম শ্রেনি- 99 জন (শাখা : ক+খ)

৮ম শ্রেনি- 84 জন

9ম শ্রেনি- 84 জন

~~১০ম শ্রেনি- 101 জন~~

সর্বমোট= 463 জন।

**⁕ বর্তমান বিভাগ সমূহ :**

1। মানবিক শাখা

2। ব্যবসায় শিক্ষা

3। বিজ্ঞান শাখা

**⁕বর্তমান শিক্ষক-কর্মচারীর সংখ্যা :**

সহকারী প্রধান শিক্ষক/সহকারী শিক্ষক সংখ্যা=09 জন

তৃতীয় শ্রেণির কর্মচারীর সংখ্যা = 01 জন

চতুর্থ শ্রেণির কর্মচারীর সংখ্যা =02 জন

সর্বমোট =

12 জন

*১২

**কলেজ শাখা/উচ্চ মাধ্যমিক স্তর/উচ্চ মাধ্যমিক বিদ্যালয় :**

মরহুম আবু হানিফ গাজীর মেঝপুত্র জনাব মোঃ আব্দুল মালেক গাজীর দ্বিতীয় পুত্র জনাব গাজী মোঃ সফিকুল ইসলাম ১৯৯৪ ইং সালে অক্টোবর মাসের শেষের দিকে ঢাকা বিশ্ববিদ্যালয়-এর ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগের স্নাতকোত্তর/ মাস্টার্স শ্রেণির শেষ সেমিষ্টারের ফাইনাল পরীক্ষা ও ইন্টার্নশীপ শেষ করে ইন্টার্নশীপ পেপার সংশ্লিষ্ট বিষয় শিক্ষকের নিকট জমা দিয়ে বাড়ীতে বেড়াতে আসার কয়েকদিন পর এলাকার লোকজন তাঁর সঙ্গে গোবিন্দপুর গ্রামে একটি কলেজ প্রতিষ্ঠার জন্য আলাপ আলোচনা করতে থাকেন। জনাব গাজী মোঃ সফিকুল ইসলামের সঙ্গে অনেকে এ বিষয়ে মত বিনিময় করতে থাকেন। আস্তে আস্তে সকলের নিকট কলেজ প্রতিষ্ঠার দাবী জোরাল হতে থাকে।

এরকম পরিস্থিতির এক পর্যায়ে ১৯৯৫ ইং সালের জানুয়ারী মাসের প্রথম দিকে গোবিন্দপুর গ্রামের কৃতিসন্তান জনাব অধ্যক্ষ জি, এম, আব্দুল হক, জয়নগর গ্রামের কৃতিসন্তান অধ্যাপক জনাব জি, এম, ওসমান গনি, মরহুম আবু হানিফ গাজীর জ্যেষ্ঠ পৌত্র জনাব গাজী আব্দুল হাকিম, জয়নগর গ্রামের সমাজ সেবক জনাব মোঃ আয়ুব আলী ঢালী, বিদ্যালয়ের কর্মরত প্রধান শিক্ষক জনাব মোঃ আবুল হাশেম ও সহকারী প্রধান শিক্ষক জনাব মন্ডল সুপদ কুমার এবং জনাব দেবী রঞ্জন মন্ডল সহ অনেক গন্যমান্য ব্যক্তিবর্গ জনাব মোঃ আব্দুল মালেক গাজীর পুত্র জনাব গাজী মোঃ সফিকুল ইসলাম- কে সঙ্গে নিয়ে "গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) মাধ্যমিক বিদ্যালয়" খেলার মাঠে কলেজ প্রতিষ্ঠার বিষয়ে মতবিনিময় করার জন্য আলাপ আলোচনা করেন এবং জনাব গাজী মোঃ সফিকুল ইসলাম- কে অত্র এলাকার উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের পড়াশুনার সুবিধার্থে "গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) মাধ্যমিক বিদ্যালয়"- এর সঙ্গে কলেজ শাখা/ উচ্চ মাধ্যমিক স্তর সংযুক্ত করার ক্ষেত্রে অগ্রনী ভূমিকা পালন করার জন্য অনুরোধ করলে তিনি তাঁদের বংশের বড় ভাই অর্থাৎ মরহুম আবু হানিফ গাজীর জ্যেষ্ঠ পৌত্র (জনাব মোঃ খালেক গাজীর পুত্র) জনাব গাজী আব্দুল হাকিম সর্বাত্মক আন্তরিকতা নিয়ে সহযোগীতা করলে তিনি অগ্রনী ভূমিকা পালন করার জন্য সম্মতি জ্ঞাপন করেন। জনাব গাজী আব্দুল হাকিম এ বিষয়ে সকল প্রকার সহযোগীতা প্রদান করবেন বলে উপস্থিত সকল-কে আশ্বস্ত করেন।

পরিবারের সকলের সঙ্গে মত বিনিময় ও পরামর্শ এবং সম্মতি নিয়ে জনাব গাজীঃ মোঃ সফিকুল ইসলাম এ বিষয়ে এলাকার গন্যমান্য ও শিক্ষানুরাগী ব্যক্তিবর্গের সঙ্গে আলাপ আলোচনা করেন এবং বিদ্যালয়ের প্রধান শিক্ষক শ্রদ্ধাভাজন জনাব মোঃ আবুল হাশেম ০৬/০২/১৯৯৫ ইং তারিখে বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটির সভা আহবান করে ঐ দিন এলাকার গন্যমান্য ব্যক্তিবর্গ, প্রাক্তন শিক্ষার্থী, পাশ্ববর্তী শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগন, অভিভাবকবৃন্দ এবং শিক্ষানুরাগী ব্যক্তিবর্গকে উক্ত সভায় আমন্ত্রন জানানোর জন্য মন-স্থির করেন এবং পরিকল্পনা করেন এবং পরিকল্পনা মোতাবেক ব্যবস্থাপনা কমিটির সভা আহবান করেন ও এলাকার গন্যমান্য ব্যক্তিবর্গকে আমন্ত্রন জানান।

*১৩

ব্যবস্থাপনা কমিটির সভায় এবং উপস্থিত সকলের ব্যাপক উৎসাহ উদ্দীপনা ও সর্বসম্মতিক্রমে ইং- ০৬/০২/১৯৯৫ তারিখে আনুষ্ঠানিকভাবে "গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) মাধ্যমিক বিদ্যালয়"- এর সঙ্গে উচ্চ মাধ্যমিক স্তর বা কলেজ শাখা সংযোজন করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা ও দাতা পরিবার মরহুম আবু হানিফ গাজীর তিনপুত্রগন 1। জনাব মোঃ আব্দুল খালেক গাজী 2। জনাব মোঃ আব্দুল মালেক গাজী এবং 3। জনাব মোঃ আবুল হোসেন গাজী "গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) মাধ্যমিক বিদ্যালয়"-এর সঙ্গে উচ্চমাধ্যমিক স্তর বা কলেজ শাখা সংযোজন করার জন্য প্রয়োজনীয় জমিজমা এবং অর্থ-সম্পদ দান করার সম্মতি ও প্রতিশ্রুতি প্রদান করলে সভায় আনন্দের বন্যা বয়ে যায় এবং প্রতিষ্ঠাতা ও দাতা পরিবারের পক্ষ থেকে উপস্থিত সকলের মাঝে মিষ্টি বিতরন করা হয় এবং বিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক উচ্চ মাধ্যমিক স্তর বা কলেজ শাখা সংযোজনে বিদ্যালয় প্রশাসন-কে সর্বোচ্চ সহযোগিতা প্রদান করার জন্য একটি সাংগঠনিক কমিটিও গঠন করা হয়। উক্ত সাংগঠনিক কমিটির সভাপতি হিসাবে জনাব অধ্যক্ষ জি, এম আব্দুল হক এবং সদস্য সচিব হিসাবে জনাব গাজী মোঃ সফিকুল ইসলাম-কে দায়িত্ব প্রদান করা হয়।

এরুপ পরিস্থিতিতে “গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) মাধ্যমিক বিদ্যালয়”-এর পশ্চিম পার্শ্বের ০১.০৪ একর জমি-টি কলেজ শাখা/ উচ্চ মাধ্যমিক স্তর সংযোজন করার ক্ষেত্রে বিশেষ প্রয়োজনীয়তা অনুভব করে জমির মালিকগন গোবিন্দপুর গ্রামের নামকরা ও সুখ্যাত পরিবার স্বর্গীয় রঘুনাথ মন্ডল এবং স্বর্গীয় মেঘনাদ মন্ডল ভ্রাতৃ-দ্বয়ের পরিবারে সদস্যগন হওয়ায় তাঁদের নিকট থেকে জমি ক্রয় করার কিংবা বিনিময় করার জন্য জনাব গাজী মোঃ সফিকুল ইসলাম তাঁদের নিকট মত বিনিময় শুরু করেন।

নানা জটিলতা অতিক্রম করে তাঁদের সঙ্গে অনেকবার বৈঠকের পর শেষ পর্যন্ত তাঁরা উক্ত (গোবিন্দপুর মৌজার এস, এ খতিয়ান নং- 518, 520 এবং এস, এ দাগ নং- 362, 343 ভূক্ত) 0১.০৪ একর জমি মরহুম আবু হানিফ গাজীর পুত্রগনের নিকট বিক্রয় করতে সম্মত হলে শ্যামনগর সাব রেজিষ্ট্রি অফিসারের সঙ্গে যোগাযোগ করে জনাব মোঃ আব্দুল মালেক গাজীর বাড়ীতে কশিমন করে জমি রেজিষ্ট্রিশনের দিন নির্ধারন করা হয়। উচ্চ মাধ্যমিক স্তর বা কলেজ শাখা সংযোজনের জন্য সরকারী নিয়মের আলোকে প্রয়োজনীয় জমিজমা ও অর্থ-সম্পদ দান করার ক্ষেত্রে জনাব গাজী মোঃ সফিকুল ইসলাম তাঁদের বংশের বড় ভাই জনাব গাজী আব্দুল হাকিম- এঁর পরামর্শ ক্রমে তাঁর পিতা ও চাচা-দ্বয় মরহুম আবু হানিফ গাজীর তিন পুত্রের সঙ্গে একান্ত পারিবারিক আলাপ আলোচনা করে তাঁদের আন্তরিক ইচ্ছা, উৎসাহ, আগ্রহ ও পূর্ণ সম্মতি নিয়ে ০৯/০২/১৯৯৫ ইং তারিখে “গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়-এর নামে জমি রেজিষ্ট্রিশনের কার্যক্রম সম্পন্ন করা হয়।

উক্ত জমি রেজিস্ট্রিশনের সময় মরহুম আবু হানিফ গাজীর শ্রদ্ধাভাজন বৃদ্ধা স্ত্রী বিবি কদবানু হানিফ, তিন পুত্র, তিন কন্যা, (জনাবা সূর্য বিবি, জনাবা চাঁদ বিবি ও জনাবা বেলজান বিবি) মরহুম আবু হানিফ গাজীর প্রায় সকল পৌত্রগন (জনাব গাজী আব্দুল হাকিম, জনাব গাজী আবুল হাশেম, জনাব গাজী আবুল কাশেম, জনাব গাজী আনিছুজ্জামান, জনাব গাজী আসাদুজ্জামান, জনাব গাজী আব্দুল আজিজ, জনাব গাজী মোঃ সফিকুল ইসলাম, জনাব গাজী অহিদুল ইসলাম, জনাব গাজী আব্দুস সালাম, জনাব গাজী সাইফুল ইসলাম, জনাব গাজী আকরাম হোসেন, জনাব গাজী আশরাফ হোসেন, জনাব গাজী মহিদুল ইসলাম, জনাব গাজী শহিদুল ইসলাম এবং জনাব গাজী রফিকুল ইসলাম প্রমুখ), জনাব মোঃ আয়ুব আলী ঢালী এবং বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব আবুল হাশেম সহ অনেকে উপস্থিত ছিলেন। "গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) মাধ্যমিক বিদ্যালয়"- এর সঙ্গে কলেজ শাখা বা উচ্চ মাধ্যমিক স্তর সংযোজনে জমি রেজিস্ট্রিশন অনুষ্ঠানে আবু হানিফ পরিবারের সকল সদস্যের আনন্দ উল্লাস, উৎসাহ, উদ্দীপনা, আগ্রহ এবং আন্তরিকতা দেখে উপস্থিত অন্যান্য সকলের মাঝে এক নিরন্তর আনন্দবন্যা বয়ে যায় এবং মরহুম আবু হানিফ গাজী-এঁর তিন পুত্র 1। জনাব মোঃ আব্দুল খালেক গাজী, 2। জনাব মোঃ আব্দুল মালেক গাজী ও 3। জনাব মোঃ আবুল হোসেন গাজী মরহুম আবু হানিফ গাজীর জ্যেষ্ঠ পৌত্র জনাব গাজী আব্দুল হাকিম-কে বিদ্যালয়ের সঙ্গে উচ্চ মাধ্যমিক স্তর বা কলেজ শাখা সংযোজন করতে যাবতীয় খরচ ও ব্যয় পদ্ধতিগতভাবে এবং বিদ্যালয় কর্তৃপক্ষের মাধ্যমে নির্বাহ/খরচ করতে সকল অর্থ শ্যামনগর উপজেলাস্থ বুড়িগোয়ালীনি ইউনিয়নে অবস্থিত তাঁদের পারিবারিক মালিকানাধীন মৎস/চিংড়ি ঘের "গাজী ফিস" থেকে (বিদ্যালয় প্রতিষ্ঠা কালের অনুরুপ) প্রদান করতে বলেন এবং বিদ্যালয়ের শ্রদ্ধাভাজন প্রধান শিক্ষক মহোদয়ের সঙ্গে পরামর্শ ক্রমে আইন ও নিয়ম অনুসারে প্রক্রিয়া ও পদ্ধতিগতভাবে এবং সকলের সহযোগিতা নিয়ে কলেজ শাখা/ উচ্চ মাধ্যমিক স্তর সংযোজনের কাজ যথাসম্ভব দ্রুত বাস্তবায়ন ও সম্পন্ন করতে বলেন।

জমি রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পাদনের কয়েকদিন পর শ্যামনগর ভাটা থেকে কলেজ ভবন নির্মানের জন্য ইট কেনার ব্যবস্থা করেন জনাব গাজী আব্দুল হাকিম এবং জনাব গাজী মোঃ সফিকুল ইসলাম- কে তিনি পাঠান খুলনা শহর থেকে সিমেন্ট কেনার জন্য। ইট এবং সিমেন্ট কেনার পর ১৯৯৫-৯৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেনিতে ছাত্র-ছাত্রী ভর্তির

লক্ষ্য নিয়ে দ্রুত গতিতে কলেজ শাখার জন্য ভবন নির্মানের নিমিত্ত্বে জনাব অধ্যক্ষ জি, এম, আব্দুল হক এবং কাশিমাড়ী ইউনিয়নের চেয়ারম্যান জনাব গাজী আব্দুল হামিদ-কে সঙ্গে নিয়ে প্রতিষ্ঠাতা ভ্রাতৃত্রয় 1। জনাব মোঃ আব্দুল খালেক গাজী, 2। জনাব মোঃ আব্দুল মালেক গাজী ও 3। জনাব মোঃ আবুল হোসেন গাজী, জনাব গাজী আব্দুল হাকিম, বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মোঃ আবুল হাশেম,সহকারী প্রধান শিক্ষক জনাব মন্ডল সুপদ কুমার সহ শিক্ষকবৃন্দ, জনাব মোঃ আয়ুব আলী ঢালী, জনাব দেবী রঞ্জন মন্ডল এবং জনাব গাজী মোঃ সফিকুল ইসলাম সহ এলাকার প্রায় সকল বিদ্যানুরাগী ব্যক্তিবর্গের উপস্থিতিতে 19/03/1995 ইং তারিখে আনুষ্ঠানিকভাবে ভিত্তি প্রস্তর স্থাপন করে মোনাজাত করা হয় এবং অত্যন্ত দ্রুত গতিতে কলেজ ভবন নির্মানের কাজ সম্পন্ন করা হয় এবং কলেজ শাখা/উচ্চ মাধ্যমিক স্তর সংযোজনের জন্য প্রয়োজনীয় আসবাবপত্র তৈরির কাজ সম্পন্ন করা হয় ।

*১৫

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, যশোর বরাবর যথানিয়মে উচ্চ মাধ্যমিক স্তর বা কলেজ শাখার অনুমতি স্বীকৃতি প্রাপ্তির জন্য আবেদন করা হয় এবং কলেজ শাখায় প্রাথমিক ভাবে খন্ড-কালিনভাবে বিষয় ভিত্তিক শিক্ষক/শিক্ষিকা নিয়োগ দিয়ে ১৯৯৫-৯৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেনিতে শিক্ষার্থী ভর্তি শুরু করা হয় এবং সরকারি নির্দেশনার আলোকে 01/10/1995 ইং তারিখে শ্যামনগর উপজেলা নির্বাহী অফিসার সাহেবের উপস্থিতিতে এবং এলাকার সকল সুধী জনের উপস্থিতিতে আলোচনা ও মোনাজাত শেষে আনুষ্ঠানিক ভাবে উচ্চ মাধ্যমিক স্তরের অর্থাৎ

কলেজ শাখার ক্লাস শুরু করার মধ্য দিয়ে "গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়" -এ কলেজ শাখা/ উচ্চ মাধ্যমিক স্তর সংযোজনের কাজে পূর্ণতা আসে। 1996 ইং সালের প্রথমার্ধে প্রতিষ্ঠান প্রধান হিসেবে জনাব গাজী মোঃ সফিকুল ইসলাম নিয়োগপ্রাপ্ত হন। পর্যায়ক্রমে সকল পদের ও বিষয়ের প্রভাষক/শিক্ষক/কর্মচারী নিয়োগ দেওয়া হয় ।

কর্মরত প্রতিষ্ঠান প্রধান জনাব গাজী মোঃ সফিকুল ইসলাম এবং মরহুম আবু হানিফ গাজীর জ্যেষ্ঠ পৌত্র জনাব গাজী আব্দুল হাকিম এর অক্লান্ত পরিশ্রম ও প্রচেষ্টায় এবং অধ্যক্ষ জনাব জি,এম, আব্দুল হক, সহকারী শিক্ষক জনাব মোস্তফা মোঃ নূর হোসেন, অফিস সহকারী জনাব মোস্তফা মাহমুদ-সহ সকলের সহযোগিতায় বিভিন্ন সময়ে একাধিক বার পরিদর্শন শেষে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর থেকে "গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) মাধ্যমিক বিদ্যালয়"- এর সঙ্গে ইং ০১/০৭/১৯৯৭ তারিখ থেকে উচ্চ মাধ্যমিক স্তর বা কলেজ শাখা সংযোজনের প্রথম অনুমোদন বা এ্যাকাডেমিক স্বীকৃতি পাওয়া যায় এবং যশোর শিক্ষাবোর্ড থেকে উচ্চ মাধ্যমিক স্তর বা কলেজ শাখার প্রথম অনুমোদন/ এ্যাকাডেমিক স্বীকৃতি পত্রে বিদ্যালয়ের নামকরন করা হয় **"গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়"** এবং প্রতিষ্ঠান প্রধান/অধ্যক্ষ জনাব গাজী মোঃ সফিকুল ইসলাম, প্রতিষ্ঠাতা পরিবারের প্রতিনিধি জনাব গাজী আব্দুল হাকিম, অধ্যক্ষ জনাব জি, এম, আব্দুল হক এবং ইসলাম শিক্ষা বিষয়ের প্রভাষক জনাব মোস্তফা নূর মুহাম্মাদ সহ সকলের আন্তরিক প্রচেষ্টা ও সহযোগিতায় ১৫/০৫/২০0০ ইং তারিখ থেকে "গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়"-এর উচ্চ মাধ্যমিক স্তর বা কলেজ শাখা এম, পি, ও, ভুক্ত হয়।

এভাবেই বিদ্যালয়ের সাথে কলেজ শাখা/ উচ্চ মাধ্যমিক স্তর সংযোজন/প্রতিষ্ঠার কাজ-টি সম্পন্ন হয় এবং বিদ্যালয়ের সঙ্গে উচ্চ মাধ্যমিক স্তর বা কলেজ শাখা সংযোজন / প্রতিষ্ঠার ক্ষেত্রে উচ্চ মাধ্যমিক স্তর বা কলেজ শাখা সংযোজন থেকে এম, পি, ও, ভুক্ত হওয়ার সময় পর্যন্ত মরহুম আবু হানিফ গাজীর পুত্রত্রয় ১। জনাব মোঃ আব্দুল

খালেক গাজী 2। জনাব মোঃ আব্দুল মালেক গাজী এবং 3। জনাব মোঃ আবুল হোসেন গাজী প্রয়োজনীয় জমি জমা ও অন্যান্য সম্পদ এবং নগদ অর্থ দান স্বরুপ প্রদান করেছেন। এলাকার সকল মানুষ এ কারনে তাঁদের প্রতি প্রাসঙ্গিক সময়ে ভীষন ভাবে কৃতজ্ঞতা প্রদর্শন করে থাকেন এবং তাঁদের কে স্মরন করে থাকেন। বিদ্যালয়-টিতে উক্ত মরহুম আবু হানিফ গাজী পরিবারের সদস্যগন বিশেষ প্রয়োজনে তাঁদের আর্থিক অনুদান আজও অব্যাহত রেখে চলেছেন।

*১৬

এখানে একটি কথা বলা দরকার যে, প্রথমে “গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) মাধ্যমিক বিদ্যালয়” স্থাপন/প্রতিষ্ঠা এবং পরবর্তীতে উচ্চ মাধ্যমিক স্তর বা কলেজ শাখা সংযোজন করতে এলাকার খুবই অল্প সংখ্যক অ-সামাজিক ব্যক্তি বৈরী মনোভাব পোষন করে গোপনে নানা প্রকার ষড়যন্ত্র করলেও তাদের প্রায় সকলের সন্তানরা এই শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যায়ন করে জে, এস, সি/ এস, এস, সি/ এইচ, এস, সি পাশ করে উচ্চ শিক্ষা গ্রহন করেছেন।

বর্তমানে বিদ্যালয়ের পরিচালনা পরিষদ, কর্মরত শিক্ষক-কর্মচারীবৃন্দ এবং এলাকার গন্যমান্য ব্যক্তিবর্গের আন্তরিক প্রচেষ্টা ও সহযোগিতায় উক্ত “গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়”-টি সার্বিক দিক দিয়ে অনেক সমৃদ্ধ। বিদ্যালয়ের বিভিন্ন আচার অনুষ্ঠানে বিদ্যালয়- এর সার্বিক মঙ্গল ও উন্নয়ন কামনা করা হয় এবং উক্ত “গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়” স্থাপন ও প্রতিষ্ঠায় এবং এই বিদ্যালয়ের সঙ্গে কলেজ শাখা বা উচ্চ মাধ্যমিক স্তর সংযোজনে অগ্রনী ভূমিকা পালনকারী, প্রতিষ্ঠাতা ও দাতা পরিবারবর্গ এবং প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সহযোগিতা প্রদানকারী শ্রদ্ধাভাজন সকলের নাম গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরন করা হয় এবং তাঁদের প্রতি গভীর কৃতজ্ঞতা জানানো হয়।

**EIIN**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত

(গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়)

# গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

**ডাকঘর - গোবিন্দপুর, উপজেলা - শ্যামনগর, জেলা - সাতক্ষীরা।**

**EIIN-118996** **স্থাপিত- 1984 খ্রিঃ** **Email – gahhss@gmail.com**

**ঠিকানা**

**“গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়”**

GOBINDAPUR A. H.(ABU HANIF) HIGHER SECONDARY SCHOOL

অবস্থান/গ্রাম : গোবিন্দপুর, (ওয়ার্ড নং-03)

ডাকঘর : গোবিন্দপুর, পোষ্টকোড -9450,

*১৭

**গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়**

**সামগ্রিক তথ্যাবলী**

# গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়


ডাকঘর - গোবিন্দপুর, উপজেলা - শ্যামনগর, জেলা - সাতক্ষীরা।

EIIN-118996 স্থাপিত- 1984 খ্রিঃ Email – gahhss@gmail.com


## কলেজ শাখা/উচ্চ মাধ্যমিক স্তর/উচ্চ মাধ্যমিক বিদ্যালয় :

*নাম : গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

* স্থাপিত :- 06/02/1995 ইং।

* প্রথম ক্লাস শুরু- 01/10/1995 ইং থেকে

* স্বীকৃতি : প্রথম অনুমোদন/এ্যাকাডেমিক স্বীকৃতি- 01/07/1997 ইং থেকে

* এম, পি, ও, ভূক্তি- 15/05/2020 ইং থেকে

* এম, পি, ও, কোড-৬১০৬০৪৩১০১ (কলেজ)

* প্রথম ভর্তিকৃত শিক্ষার্থী সংখ্যা :

একাদশ শ্রেণি : মানবিক শাখা-66 জন

ব্যবসায় শিক্ষা শাখা -06 জন 1995-96 শিক্ষাবর্ষ

(1995-96 শিক্ষাবর্ষ )

বিজ্ঞান শাখা -02 জন

সর্বমোট = 74 জন

* প্রথম নিয়োগকৃত শিক্ষক সংখ্যা- 07 জন।

* প্রথম নিয়োগকৃত শরীরর্চচা শিক্ষক সংখ্যা- 01 জন।

* প্রথম নিয়োগকৃত সহকারী গ্রন্থাগারিক সংখ্যা- 01 জন।

* প্রথম নিয়োগকৃত তৃতীয় শ্রেনির কর্মচারী সংখ্যা- 02 জন।

* প্রথম নিয়োগকৃত চতুর্থ কর্মচারী সংখ্যা- 02 জন।

*** বর্তমানে শিক্ষার্থী (2020-2021 শিক্ষাবর্ষ) সংখ্যা :**

**একাদশ শ্রেণি :**

মানবিক শাখা -183জন।

ব্যবসায় শিক্ষা শাখা - 14 জন। (2020-2021 শিক্ষাবর্ষ) 2020-21 শিক্ষাবর্ষ

বিজ্ঞান শাখা - 18 জন।

মোট -215 জন।

**দ্বাদশ শ্রেণি :**

মানবিক শাখা -182জন

ব্যবসায় শিক্ষা শাখা- 30জন। (2019-2020 শিক্ষাবর্ষ)

বিজ্ঞান শাখা -23 জন।

মোট - 235 জন।

সর্বমোট = 450 জন (একাদশ+দ্বাদশ)

* বর্তমান শিক্ষক কর্মচারী সংখ্যা :

| | | |
|---|---|---|
| অধ্যক্ষ/সহকারী অধ্যাপক/প্রভাষক সংখ্যা | = 21 | জন |
| শরীরর্চচা শিক্ষক | = 01 | জন |
| প্রদর্শক সংখ্যা | = 01 | জন |
| সহকারী গ্রন্থাগারিক | = 01 | জন |
| ল্যাব সহকারী সংখ্যা | = 02 | জন |
| তৃতীয় শ্রেনির কর্মচারী | = 02 | জন |
| চতুর্থ শ্রেনির কর্মচারী | = 02 | জন |
| সর্বমোট | = 30 | জন |

* জমির পরিমান= 05.13 একর-রেজিষ্ট্রেশনকৃত

*** বর্তমান বিভাগ ও বিষয় সমূহ :**

**ক) আবশ্যিক বিষয় :**

1। বাংলা

2। ইংরেজি

3। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

**খ) ব্যবসায় শিক্ষা বিভাগ :**

1। হিসাব বিজ্ঞান

2। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা

3। অর্থনীতি ও বানিজ্যিক ভূগোল

4। সাচিবিকি বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা

5। ব্যবসায় উদ্যোগ ও ব্যবহারিক ব্যবস্থাপনা

6। ফিন্যান্স, ব্যাংকিং ও বীমা

7। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপনন

**গ) বিজ্ঞান বিভাগ :**

1। পদার্থ বিজ্ঞান

2। রসায়ন বিজ্ঞান

3। জীব বিজ্ঞান

4। উচ্চতর গণিত

**ঘ)মানবিক বিভাগ :**

1। অর্থনীতি

2। পৌরনীতি ও সুশাসন

3। যুক্তিবিদ্যা

4। ইসলাম শিক্ষা

5। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি

6। সমাজবিজ্ঞান

7। মনোবিজ্ঞান

8। কৃষিশিক্ষা



**মন্তব্য সমূহ**

গোবিন্দপুর গ্রামের সর্বজন শ্রদ্ধেয় মরহুম আবু হানিফ গাজীর তিন পুত্র সর্বজনাব 1। জনাব মোঃ আব্দুল খালেক গাজী, 2। জনাব মোঃ আব্দুল মালেক গাজী এবং 3। জনাব মোঃ আবুল হোসেন গাজী ভ্রাতৃ-ত্রয়ের সম্পূর্ণ আর্থিক অনুদানে প্রথমে "গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) মাধ্যমিক বিদ্যালয়" প্রতিষ্ঠিত হয়। পরবর্তীতে উক্ত পরিবারেরই সম্পূর্ণ আর্থিক অনুদানে বিদ্যালয়ের সঙ্গে উচ্চ মাধ্যমিক স্তর বা কলেজ শাখা সংযোজিত হয়ে বর্তমানে "গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়"-টিতে বহু শিক্ষার্থী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের পাঠদান সম্পন্ন করতে পারছে।

ইতিপূর্বেও এই এলাকার অনেক সন্তান এই বিদ্যালয় থেকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের পাঠদান সম্পন্ন করে বাংলাদেশের নামকরা এবং সুখ্যাতিপূর্ণ কলেজ ও বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়ে উচ্চ শিক্ষা অর্জন করে দেশের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত হয়ে দায়িত্ব পালন করে দেশ ও দেশের মানুষের সেবা করে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর

# গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

**ডাকঘর - গোবিন্দপুর, উপজেলা - শ্যামনগর, জেলা - সাতক্ষীরা।**

**EIIN-118996 স্থাপিত- 1984 খ্রিঃ Email – gahhss@gmail.com**

রহমান- এঁর স্বপ্নের সোনার বাংলা গড়ার কাজে আত্মনিয়োগ করেছেন। আমাদের নিম্মোক্ত মন্তব্যসমূহ সকলের জ্ঞাতার্থে পেশ করা হল :-

১) জাতি, ধর্ম, বর্ণ ও গোত্র নির্বিশেষে এলাকার সকল মানুষের কোমলমতি সন্তানেরা এই শিক্ষা প্রতিষ্ঠানে মাধ্যমিক ও

উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা গ্রহন করতে পারায় এলাকায় অশিক্ষার প্রভাব দুরীভুত হয়ে প্রগতির ছোয়া লেগেছে।

২) এলাকার প্রায় সকল পরিবারের সন্তানেরা শিক্ষা অর্জন করতে পারায় তাদের সন্তানদের সুপ্ত প্রতিভার বিকাশ

ঘটেছে।

৩) এলাকার কোমলমতি ও প্রানপ্রিয় সন্তানেরা বিদ্যাশিক্ষা অর্জন করার সুযোগ পেয়ে তারা মানব সম্পদে পরিনত হয়ে

পরিবার, সমাজ ও রাষ্ট্রের সেবা করতে সক্ষম হয়েছে।

৪) এলাকার মানুষ অত্র শিক্ষাপ্রতিষ্ঠানে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা অর্জন করতে পারায় তাদের জীবন

মানের আমুল ইতিবাচক পরিবর্তন হয়েছে।

৫) এভাবেই এলাকার সন্তানদের বিদ্যা অর্জন করার ক্ষেত্রে এই শিক্ষা প্রতিষ্ঠান "গোবিন্দপুর এ, এইচ (আবু হানিফ) উচ্চ

মাধ্যমিক বিদ্যালয়" যেন অনন্তকাল ধরে ভূমিকা পালন করতে পারে সে জন্য সৃষ্টি কর্তার নিকট প্রার্থনা করি এবং

# গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

**ডাকঘর - গোবিন্দপুর, উপজেলা - শ্যামনগর, জেলা - সাতক্ষীরা।**

**EIIN-118996** **স্থাপিত- 1984 খ্রিঃ** **Email – gahhss@gmail.com**

এলাকার সর্বস্তরের মানুষের সহযোগিতা প্রদান যেন অব্যহত থাকে সেই কামনা করি।

*১৯

## সুপারিশ সমূহ

“গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়” -টির অধ্যয়নরত শিক্ষার্থীদের মানসম্মত পাঠদান ও শিক্ষা প্রদান, শিক্ষার মান উন্নয়ন ও নিশ্চিত করন এবং সার্বিক বিষয়ের ক্রমবর্ধমান উন্নয়ন ও সমৃদ্ধির লক্ষ্যে আমাদের নিম্মোক্ত সুপারিশ সমূহ সকলের জ্ঞাতার্থে পেশ করা হল :

১। কর্মরত অধ্যক্ষ এবং শিক্ষক-কর্মচারীদের আরও আন্তরিক কর্তব্যনিষ্ঠতা ও দায়িত্বশীলতার সাথে শিক্ষার্থীদের শিক্ষা প্রদান ও প্রতিষ্ঠানের সার্বিক উন্নয়নে ভূমিকা রাখতে হবে।

2। শিক্ষার্থীদের শিক্ষা প্রদান কার্যক্রমের সাথে সাথে সততা, নিয়মানুবর্তির্তা, শৃঙ্খলা, সময়ানুবর্তিতা, উদারতা এবং প্রগতি সহ সমাজ ও দেশপ্রেম সম্পর্কে এবং অসাম্প্রদায়িক বাঙালী সংস্কৃতি, স্বাধীনতা সংগ্রাম ও মহান মুক্তিযুদ্ধ এবং স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের চেতনা এবং সকল জাতীয় দিবস-সমূহ যথাযথ মর্যাদায় পালন ও তার গুরুত্ব সম্পর্কে যথাযথ শিক্ষা প্রদান করতে হবে।

3। বিদ্যালয়-এর সার্বিক উন্নয়নে পরিচালনা পরিষদ এবং কর্মরত শিক্ষক কর্মচারীদের কর্তব্য ও দায়িত্বসমূহ নিষ্ঠার সঙ্গে পালনের সাথে সাথে এলাকার শিক্ষানুরাগী ও গন্যমান্য ব্যক্তিবর্গকে এবং অভিভাবক সহ সংশ্লিষ্ট সকলকে আরও সম্পৃক্ত করতে হবে।

4। প্রাক্তন শিক্ষার্থীদেরকে প্রতিষ্ঠানের উন্নয়নে সব সময় বেশি বেশি সম্পৃক্ত করতে হবে।

৫। সরকারি আদেশ ও নির্দেশনা সকল সময় বিদ্যালয়ের পরিচালনা পরিষদ, শিক্ষক-কর্মচারীবৃন্দ এবং সংশ্লিষ্ট সকলকে যথানিয়মে ও যথাসময়ে বাস্তবায়নে আগ্রহী থাকতে হবে।

৬। বিদ্যালয়ের সম্পদ বৃদ্ধিতে প্রচেষ্টা নিতে হবে এবং বর্তমানের সম্পদকে আরও সু-সংরক্ষন করতে হবে।

৭। ভবিষ্যতে বিদ্যালয় প্রতিষ্ঠার লক্ষ্য, উদ্দেশ্য কিংবা পটভূমি/ প্রেক্ষাপট বিষয়ে নতুন কোন তথ্য জানা গেলে তা সঠিক পদ্ধতিতে যাচাই অন্তে বিদ্যালয়ের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ক্রমে সংযোজন করতে হবে।

জয় বাংলা. জয় বঙ্গবন্ধ



**গোবিন্দপুর এ, এইচ , (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়**

**GOBINDAPUR A. H. (ABU HANIF) HIGHER SECONDARY SCHOOL**

(এক নজরে-2020

# গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

**ডাকঘর - গোবিন্দপুর, উপজেলা - শ্যামনগর, জেলা - সাতক্ষীরা।**

**EIIN-118996** **স্থাপিত- 1984 খ্রিঃ** **Email – gahhss@gmail.com**

---

⁕ **প্রতিষ্ঠাকালে : ক) <u>স্কুল শাখা/মাধ্যমিক বিদ্যালয় : (1984/1985 ইং)</u>**

i) ভবন : 02 টি (০১-টি কাঁচা গোলপাতার ছাউনি+ 01 টি আধাপাকা টিনশেড)

ii) চেয়ার : 30 টি (আনুমানিক)

iii)বেঞ্চ : হাইবেঞ্চ-75 টি, সিঙ্গেল বেঞ্চ-09 টি, টুল-05 টি

iv)টেবিল : 12 টি

v)আলমারী : 04 টি

vi) বই : 700 টি (আনুমানিক)

vii) বিজ্ঞান সামগ্রী : পর্যাপ্ত

viii)শিক্ষা সামগ্রী : পর্যাপ্ত

ix) জমি : 01.49 একর (খেলার মাঠসহ)-রেজিষ্ট্রেশনকৃত

**খ) <u>কলেজ শাখা/উচ্চ মাধ্যমিক বিদ্যালয় : (1995/1996 ইং)</u>**

i) ভবন : 04 টি (02 টি কাঁচা গোলপাতার ছাউনি + 02 টি আধাপাকা টিনশেড)

ii) চেয়ার : 64 টি

iii) বেঞ্চ : হাইবেঞ্চ-132 টি, সিঙ্গেল বেঞ্চ-13 টি, টুল-11 টি

iv) টেবিল : 24 টি

v) আলমারী : 13 টি

vi) বই : 1650 টি

vii) বিজ্ঞান সামগ্রী : পর্যাপ্ত

vii) শিক্ষা সামগ্রী : পর্যাপ্ত

ix) জমি : 05.13 একর (01 টি পুকুর ও খেলার মাঠসহ)-রেজিষ্ট্রেশনকৃত

⁕ **বর্তমান সময়ে : <u>স্কুল শাখা + কলেজ শাখা : 2020 ইং</u>**

i) ভবন : 04 টি (পাকা 02 টি + আধাপাকা টিনশেড 02 টি) এবং কক্ষ সংখ্যা -31 টি

ii)চেয়ার : 134 টি, সোফা -01 টি,

iii)বেঞ্চ : হাইবেঞ্চ-253 টি, সিঙ্গেল বেঞ্চ-13 টি,

iv) টেবিল : 53 টি

v) আলমারী : 35 টি

vi) বই : 2732 টি

vii) বিজ্ঞান সামগ্রী : পর্যাপ্ত

vii) শিক্ষা সামগ্রী : পর্যাপ্ত

ix) জমি : 05.91 একর (02 টি পুকুর ও খেলার মাঠসহ)-রেজিষ্ট্রেশনকৃত

x) কম্পিউটার সামগ্রী : কম্পিউটার -13 টি, ল্যাপটপ -01 টি, প্রজেক্টর -02 টি, টেলিভিশন -03টি, প্রিন্টার -০২ টি,

ফটোষ্ট্রাট মেশিন-০১ টি, মাইক সেট-০১ টি,

xi) অন্যান্য সম্পদ : সন্তোষজনক।

*২১

## তথ্য সুত্র

1। বিদ্যালয়ে সংরক্ষিত কাগজপত্র/নথিপত্র।

2। বিদ্যালয়ের (স্কুল শাখা+কলেজ শাখা) প্রতিষ্ঠাতা ও দাতা পরিবার বর্গের মধ্যে যারা এখনও জীবত আছেন।

3। বিদ্যালয়ের প্রতিষ্ঠাকাল থেকে অদ্যবধী কর্মরত শিক্ষক /কর্মচারী বৃন্দ এবং অবসর প্রাপ্ত শিক্ষক/কর্মচারী বৃন্দ।

4। বিদ্যালয় (স্কুল শাখা+কলেজ শাখা) স্থাপন/প্রতিষ্ঠাকালে অগ্রনী ভূমিকা পালন কারী/সহযোগিতা প্রদান কারী ব্যক্তিবর্গের মধ্যে যারা এখনও জীবিত আছেন।

5। প্রাক্তন শিক্ষার্থীবৃন্দ (প্রতিষ্ঠা কালের)।

## মুক্তিযোদ্ধা

# গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়


**ডাকঘর - গোবিন্দপুর, উপজেলা - শ্যামনগর, জেলা - সাতক্ষীরা।**

**EIIN-118996** **স্থাপিত- 1984 খ্রিঃ** **Email – gahhss@gmail.com**


"গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়"-এর (স্কুল শাখা/মাধ্যমিক স্তর এবং কলেজ শাখা/উচ্চ মাধ্যমিক

স্তর) স্থাপন/প্রতিষ্ঠায় অগ্রনী ভূমিকা পালনকারী/সহযোগিতা প্রদানকারীদের মধ্যে যারা বীর মুক্তিযোদ্ধা ছিলেন :

০১ । জনাব গাজী আব্দুল হাকিম (বীর মুক্তিযোদ্ধা) ............................................................ সমাজ সেবক

০২। জনাব গাজী আবুল বাসার ওরফে আবু বাক্কার (বীর মুক্তিযোদ্ধা)..........................................সমাজ সেবক

০৩। জনাব অধ্যক্ষ জি, এম, আব্দুল হক (বীর মুক্তিযোদ্ধা).............................. অধ্যক্ষ, শ্যামনগর মহসিন কলেজ

০৪ জনাব গাজী আব্দুল হামিদ (বীর মুক্তিযোদ্ধা)................................... চেয়ারম্যান, 02 নং কাশিমাড়ী ইউ, পি,

০৫। জনাব দেবী রঞ্জন মন্ডল (বীর মুক্তিযোদ্ধা).......................... মুক্তিযোদ্ধা কমান্ডার, শ্যামনগর উপজেলা কমান্ড

০৬। জনাব জি, এম, ওসমান গনি (বীর মুক্তিযোদ্ধা)........................ (অধ্যাপক)/অধ্যক্ষ, শ্যামনগর মহসিন কলেজ

## প্রতিষ্ঠান প্রধান

০১। জনাব মোঃ আবুল হাশেম-প্রধান শিক্ষক (1985-1995 ইং)

02। জনাব গাজী মোঃ সফিকুল ইসলাম- (প্রধান শিক্ষক)/অধ্যক্ষ (1996 ইং থেকে ...........)

# গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

**ডাকঘর - গোবিন্দপুর, উপজেলা - শ্যামনগর, জেলা - সাতক্ষীরা।**

**EIIN-118996** **স্থাপিত- 1984 খ্রিঃ** **Email – gahhss@gmail.com**

**জয় বাংলা, জয়**

*২২

**<u>"গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়"</u> - এর স্থাপন/ প্রতিষ্ঠার প্রকৃত ও সঠিক পটভূমি/প্রেক্ষাপটের বর্ননা ও ইতিহাস রচনা/প্রনয়নকারী গনের স্বাক্ষর :**

**১। জনাব গাজী মোঃ সফিকুল ইসলাম**

পিতা : মোঃ আব্দুল মালেক গাজী, গ্রাম- গোবিন্দপুর, শ্যামনগর, সাতক্ষীরা।

অধ্যক্ষ,

গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়।
ও
প্রাক্তন শিক্ষার্থী

**২। জনাব মন্ডল সুপদ কুমার**

পিতা : বিরাজ চন্দ্র মন্ডল, গ্রাম- গোবিন্দপুর, শ্যামনগর, সাতক্ষীরা।

সহকারী প্রধান শিক্ষক (অবসর প্রাপ্ত),

গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়।

**৩। জনাব এম, এম, হামিদুল ইসলাম**

পিতা: এস, এম ফজর আলী, গ্রাম- গোবিন্দপুর, শ্যামনগর, সাতক্ষীরা।

সহকারী অধ্যাপক (হিসাব বিজ্ঞান)

গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়।
ও
প্রাক্তন শিক্ষার্থী

**তারিখ : 31/12/2020 ইং**



**গোবিন্দপুর এ, এইচ , (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়**

**বিদ্যালয়ের**

(31/12/2020 ইং)

# গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

**ডাকঘর - গোবিন্দপুর, উপজেলা - শ্যামনগর, জেলা - সাতক্ষীরা।**

**EIIN-118996** **স্থাপিত- 1984 খ্রিঃ** **Email – gahhss@gmail.com**



অধ্যক্ষ অফিস



অফিস



শিক্ষক কমন রুম




শিক্ষিকা কমন রুম





বিজ্ঞানাগার ছবি

গ্রন্থাগার ছবি





আই, সি, টি ল্যাবের ছবি

সাংস্কৃতিক কক্ষের ছবি

**সমাপ্ত**

ছবি প্রচ্ছদ ও কম্পিউটার

1। মোঃ ফরহাদ হোসেন (রঘুনাথপুর,কালিগঞ্জ, সাতক্ষীরা)

2। মোঃ রওশান হোসেন (ল্যাব সহকারী-পদার্থ বিজ্ঞান)

*২৪